

# কৃষিবিদ সন্ধ্যা ২০১১ উদ্ব্যাপিত

ড. মাকসুদুল বারী



গত ১২ জুন ২০১১ রবিবার অত্যন্ত জাকজমকপূর্ণ পরিবেশে Ingleburn RSL Club এ অনুষ্ঠিত হলো অষ্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশী কৃষিবিদ কর্তৃক আয়োজিত কৃষিবিদ সন্ধ্যা ২০১১। এই অনুষ্ঠান উপলক্ষ্যে প্রকাশিত হয়েছে কৃষিবিদদের স্মৃতিচারণমূলক প্রবন্ধ, গল্প ও কবিতায় সমৃদ্ধ সুন্দর

একটি স্মরণিকা 'বন্ধন'। Les Kelly Function Room এ সন্ধ্যা ৬:০০ টায় অনুষ্ঠান শুরু হয়ে রাত ১০:৩০ মিনিটে সমাপ্ত হয়। কৃষিবিদ ও তাঁদের পরিবারের সদস্যবর্গের সাথে উপস্থিত সকলের পরিচিতি, স্মৃতিচারণ, 'স্মৃতির পাতা' শীর্ষক এ্যালবাম প্রদর্শন এবং নিজস্ব শিল্পীদের সাংস্কৃতিক পরিবেশনায় সমৃদ্ধ অনুষ্ঠানটি ছিল অত্যন্ত উপভোগ্য। এছাড়া বিভিন্ন উপাদেয় খাবার পরিবেশনের সাথে সাথে অন্য উপাদান সমূহ সুন্দরভাবে ও সময়মত উপস্থাপন করায় সম্পূর্ণ অনুষ্ঠানটি হয়ে উঠে দীর্ঘদিন মনে রাখার মত।



আনুষ্ঠানিক স্মৃতিচারণ পর্বে Victoria থেকে আগত আক্বাস উদ্দিন আহমেদ, Queensland থেকে আগত ড. মোয়াজ্জেম হোসেন, কৃষিবিদদের প্রথম কো-অর্ডিনেটর জনাব মোতাহার হোসেন, প্রাক্তন কো-অর্ডিনেটর ড. নিজাম আহমেদ, প্রাক্তন জয়েন্ট কো-অর্ডিনেটর জনাব আবদুল জলিল, ড. কাইউম পারভেজ, জনাব এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল, জনাব নুর রহমান খোকন সহ অনেক কৃষিবিদ তাঁদের ছাত্রজীবনের মধুর স্মৃতি বর্ণনা করে উপস্থিত সকলকে আনন্দাপ্লুত করেন।

দুই অংশে বিভক্ত 'স্মৃতির পাতা' শীর্ষক এ্যালবামের প্রথম অংশে ছাত্রজীবনের

স্মৃতিবিজড়িত ছবি এবং দ্বিতীয় অংশে প্রবাসজীবনে পিকনিক ও অন্যান্য অনুষ্ঠানের ছবি ইলেক্ট্রনিক পর্দায় প্রদর্শিত হয়। এই সময় অতীতের মধুর মুহূর্তগুলি যখন পর্দায় ভেসে উঠে তখন সকলেই ক্ষণিকের জন্য নিজ নিজ অতীতে হারিয়ে যান। জনাব জিয়াউল হক বাবলু, ড. হানিফ মিয়া ঝিলু, ড. মলয় বিশ্বাস, জনাব খন্দকার শাফি (জাকি) সহ অনেকের সংগৃহীত ছবি থেকে ‘স্মৃতির পাতা’ সংকলন করেন সাংস্কৃতিক উপ-কমিটির সদস্য ড. মলয় বিশ্বাস। ড. হানিফ মিয়া ঝিলু ও ডা. লাভলী রহমানের সুন্দর উপস্থাপনায় অনুষ্ঠানটি ছিল প্রাণবন্ত।

সাংস্কৃতিক পর্ব শুরু পূর্বে কৃষিবিদ কমিউনিটি অস্ট্রেলিয়ার কো-অর্ডিনেটর ড. মাকসুদুল বারী এই অনুষ্ঠানটি সফল করার জন্য জোন রিপ্রেজেন্টেটিভসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

সাংস্কৃতিক উপ-কমিটির আহ্বায়ক জনাব এ কে এম ফারুকের সার্বিক তত্ত্বাবধানে এবং শরণ ও তৃষার উপস্থাপনায় সাংস্কৃতিক পর্বে নাচ ও গান পরিবেশন এবং কবিতা আবৃত্তি করেন কৃষিবিদ, পরিবারের সদস্য ও শিশু শিল্পীবৃন্দ। মনমুগ্ধকর পরিবেশনায় সমৃদ্ধ সাংস্কৃতিক পর্বটি উপস্থিত সকলে উপভোগ করেন।

দুই শতাধিক অতিথির উপস্থিতিতে সম্পূর্ণ অনুষ্ঠানটি পরিণত হয়েছিল অস্ট্রেলিয়া প্রবাসী কৃষিবিদদের একটি মিলনমেলায়।

ড. মাকসুদুল বারী - কৃষিবিদ কো-অর্ডিনেটর